

Model Activity Task 2022 January

Class 9 | Life Science | Part-1

মডেল অ্যাক্টিভিটি টাস্ক-২০২২ | জানুয়ারী

নবম শ্রেণী | জীবনবিজ্ঞান | পার্ট -১ |

পূর্ণমান- ২০

১. প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরটি নির্বাচন করে তার ক্রমিক সংখ্যাসহ বাক্যটি সম্পূর্ণ করে লেখ :

১.১ যে পর্বের প্রাণীদের রেচন অঙ্গ ফ্লেম কোশ তা শনাক্ত কর—

(ক) টিনোফোরা (খ) নিম্যাটোডা (গ) প্ল্যাটিহেলমিনথেস (ঘ) অ্যানিলিডা

১.২ নীচের যে জোড়টি সঠিক তা স্থির কর—

(ক) ন্যাথোস্টোমাটা – চোয়াল অনুপস্থিত

(খ) মোলাস্কা – ম্যালপিজিয়ান নালিকা উপস্থিত

(গ) অ্যানিলিডা – ছদ্ব সিলোম উপস্থিত

(ঘ) টিনোফোরা – কোম্বপ্লেট উপস্থিত

১.৩ নীচের যে বৈশিষ্ট্যটি প্রোটিস্টা রাজ্যের বৈশিষ্ট্য নয় সেটি নির্বাচন করো—

(ক) এরা এককোশী

(খ) কোশ প্রোক্যারিওটিক প্রকৃতির

(গ) পুষ্টি পদ্ধতি স্বভোজী বা পরভোজী প্রকৃতির

(ঘ) কোশে পর্দা-ঘেরা কোশ অঙ্গাণু উপস্থিত

২. শূন্যস্থান পূরণ কর:

২.১ নিডারিয়া পর্বের প্রাণীদের দেহে **নিডোরাস্ট** কোশ উপস্থিত থাকে।

২.২ **ব্রায়োফাইটাকে** উভচর উদ্ভিদ বলা হয়।

২.৩ প্ল্যান্টি রাজ্যের সদস্যদের কোশ **ইউক্যারিওটিক** প্রকৃতির।

২.৪ **পরিফেরা বা ছিদ্রাল** পর্বের প্রাণীদের দেহে কোয়ানোসাইট কোশ উপস্থিত থাকে।

৩. দুই-তিন বাক্যে উত্তর দাও :

৩.১ মোনেরা রাজ্যের দুটি শনাক্তকারী বৈশিষ্ট্য উল্লেখ কর।

উত্তর: মোনেরা রাজ্যের দুটি শনাক্তকারী বৈশিষ্ট্য হল – (১) এরা এককোষী ও প্রোক্যারিওটিক, অণুবীক্ষণিক হয়, (২) এদের অপুষ্টি প্রক্রিয়া স্বভোজী বা পরভোজী এবং পরভোজী পুষ্টি মৃতজীবি, পরজীবি বা মিথোজীবি হতে পারে।

৩.২ নিম্নলিখিত বৈশিষ্ট্যের ওপর ভিত্তি করে একবীজপত্রী ও দ্বিবীজপত্রী উদ্ভিদের পার্থক্য নিরূপণ কর: মূল, পাতার শিরাবিন্যাস

উত্তর:

বিষয়	একবীজপত্রী	দ্বিবীজপত্রী
মূল	এদের মূল অস্থানিক ও গুচ্ছ মূল হয়।	এদের মূল স্থানিক ও প্রধান মূল হয়।
পাতার শিরাবিন্যাস	এদের পাতা সমান্তরাল শিরাবিন্যাস যুক্ত।	এদের পাতা জালাকাকার শিরাবিন্যাস যুক্ত।

৩.৩ জীবের বৈচিত্র্যের উৎস কী কী?

উত্তর: জীব বৈচিত্র্যের উৎস গুলি হল –

অভিযোজন: বিভিন্ন স্থানের পরিবেশ আবহাওয়া ও জলবায়ু ও পরিবর্তনের সঙ্গে মানিয়ে নিতে জীবের বৈশিষ্ট্যের পরিবর্তন ঘটে। একেই বলে অভিযোজন।

প্রকরণ: জীবদের জননের সময় এক জনু থেকে অপর জনুতে জীনের আদান প্রদানের সময় নতুন বৈশিষ্ট্য সৃষ্টি হয়। এরত ফলে প্রতিটি প্রজাতির জীবদের বৈশিষ্ট্যের মধ্যে যে ক্ষুদ্র ক্ষুদ্র পার্থক্য দেখা যায় তাকে প্রকরণ বলে।

মিউটেশন: জীবের মধ্যে সঞ্চারণ যোগ্য আকস্মিক কোন পরিবর্তনকে মিউটেশন বলে।

৩.৪ নিম্নলিখিত বৈশিষ্ট্যের ওপর ভিত্তি করে কনড্রিকথিস ও অসটিকথিস-এর পার্থক্য নিরূপণ কর : অন্তঃকঙ্কাল, আঁশ

উত্তর:

বিষয়	কনড্রিকথিস	অসটিকথিস
অন্তঃকঙ্কাল	অন্তঃকঙ্কাল তরুণাস্থিময়	অন্তঃকঙ্কাল অস্থিময়
আঁশ	দেহ অণুবীক্ষণিক প্লাকয়েড আঁশ দ্বারা আবৃত	দেহ বীক্ষণিক সাইক্লয়েড, টিনয়েড বা গ্যানয়েড আঁশ দ্বারা আচ্ছাদিত

৪. নীচের প্রশ্নটির উত্তর দাও :

৪.১ উভচর শ্রেণির তিনটি শনাক্তকারী বৈশিষ্ট্য উল্লেখ কর। “এই পর্বের প্রাণীদের দেহে সন্ধিল উপাঙ্গ উপস্থিত থাকে”-পর্বটির প্রাণীদের দুটি শনাক্তকারী বৈশিষ্ট্য লেখ। ৩+২=৫

উত্তর:

উভচর শ্রেণীর তিনটি শনাক্তকারী বৈশিষ্ট্য হল –

- (১) চর্ম সিক্ত ও নগ্ন প্রকৃতির,
- (২) শৈশবকাল এবং পূর্ণাঙ্গ অবস্থা স্থলে অতিবাহিত হয়,
- (৩) অগ্রপশ্চাৎ পদে চারটি এবং পশ্চাৎ পদে পাঁচটি আঙ্গুল থাকে।

পর্বের নাম হল আর্থ্রোপোড বা সন্ধিপদ। এই সন্ধিপদ পর্বের তিনটি শনাক্তকারী বৈশিষ্ট্য হল – (১) দেহ কাইটিন নির্মিত বহিঃকঙ্কাল দ্বারা আবৃত,

- (২) রক্ত সংবহনতন্ত্র মুক্ত প্রকৃতির।